REG. NO. C. 853

# জঙ্গিপুর সংবাদ

সাপ্তাহিক সংবাদ পত্র।

**জঙ্গিপুর সংবাদের নিয়মাবলী**

জঙ্গিপুর সংবাদের সডাক বার্ষিক মূল্য ২৲ হাতে ১৷৹ টাকা। নগদ মূল্য ৴১০ দুই পয়সা। যে সংখ্যায় নিলামী ইস্তাহারের বিজ্ঞাপন মুদ্রিত হইবে তাহার নগদ মূল্য ৴০ এক আনা। বাৎসরিক মূল্য অগ্রিম দেয়।

জঙ্গিপুর সংবাদে বিজ্ঞাপনের হার প্রতি সপ্তাহের জন্য প্রতি লাইন ।০ আনা, এক মাসের জন্য প্রতি লাইন প্রতিবার ৶০ আনা, তিন মাসের জন্য প্রতি লাইন প্রতিবার ৵০ আনা, ছয় মাসের জন্য প্রতি লাইন প্রতিবার ৴১০ আনা, এক বৎসর বা ততোধিক কালের জন্য প্রতি লাইন প্রতিবার ৴০ এক আনা হিসাবে। বড় স্থায়ী বিজ্ঞাপনের বিশেষ দর পত্র লিখিয়া বা স্বয়ং আসিয়া করিতে হয়। যাবতীয় চিঠি পত্র, মনিঅর্ডার ও বিনিময় সংবাদপত্রাদি নিম্নলিখিত ঠিকানায় পাঠাতে হইবে শ্রীবিনয় কুমার পণ্ডিত, জঙ্গিপুর সংবাদ কার্য্যালয়, রঘুনাথগঞ্জ, মুর্শিদাবাদ।

**সচিত্র লজ্জতন্নেছা** যে পুস্তক পাঠের আশায় বাঙ্গালার পাঠকগণ এতকাল নিরাশ হইয়াছিলেন ইহা সেই যুগান্তকারী ভোজরাজ মন্ত্রী কোকা পণ্ডিত বিরচিত সকলের আকাঙ্ক্ষিত সচিত্র লজ্জতন্নেছা। যে কামশাস্ত্র জ্ঞানের অধিকারী হওয়ায় কোকা পণ্ডিতকে অশীতিপর বৃদ্ধ হইলেও যুবতীবৃন্দ তাহাকে পাইবার জন্য পাগলিনী প্রায় হইয়া রূপবান ভোজরাজকেও উপেক্ষা করিয়াছিল—ইহাতে সেই কোকা পণ্ডিতের জ্ঞানভাণ্ডার সম্পূর্ণ লিপিবদ্ধ আছে। ইহা জগতের স্ত্রী পুরুষের শ্রেণী, বর্ণ, স্বভাব, আকাঙ্ক্ষাদির বিবরণ সতী অসতী নিরূপণের উপায়, সৎ ও অসৎ, অল্পায়ু ও দীর্ঘায়ু সন্তান হইবার কারণ ও ইচ্ছামত পুত্র কন্যালাভ, সহবাসরীতি পুরুষের প্রতি স্ত্রীর অনুরাগ বৃদ্ধির উপায় রতিক্রিয়া সম্যক উপভোগের পন্থাদি—কামশাস্ত্রীয় সকল গুপ্ত বিষয় বিশদ-ভাবে বর্ণিত আছে। কোকা পণ্ডিতের ন্যায় কামশাস্ত্রজ্ঞ রমনীরঞ্জক হইয়া দীর্ঘজীবন লাভের আশা করিলে এই দুর্লভ লজ্জতন্নেছা পাঠ করিতে ভুলিবেন না। মূল্য ১ খানি এক টাকা ডাক মাশুল ।০ চারি আনা। প্রাপ্তিস্থান—এস, সি, শীল, ১৫।৩ লক্ষ্মী দত্তের লেন, পোঃ বাগবাজার কলিকাতা।

১৫শ বর্ষ | রঘুনাথগঞ্জ—মুর্শিদাবাদ ২রা শ্রাবণ বুধবার ১৩৩৫ ইংরাজী 18th July 1928. | ১০ম সংখ্যা।

## হিলিংবাম

গত ৩৫ বৎসরের পরীক্ষায় সর্ব্বপ্রকার মেহ রোগের সর্ব্বোৎকৃষ্ট মহৌষধ বলিয়া সমগ্র ভারতবর্ষ ও ভারতবর্ষের বাহিরের দেশ সকলেও পরিচিত, আদৃত ও বহুল পরিমাণে ব্যবহৃত হইতেছে।

**ইহার কারণ হিলিংবামের অসাধারণ উপকারিতা।**

হিলিংবাম ১ মাত্রা হইতে ফল দেখা যায়। একদিনে মেহের জ্বালা যন্ত্রনা আরোগ্য করে। এক সপ্তাহে রোগ আরোগ্য করিয়া নষ্ট স্বাস্থ্য ফিরাইয়া দেয়। স্ত্রী পুরুষ উভয় জাতীয় রোগীকে সম্পূর্ণ আরোগ্য করে।

হিলিংবাম রোগের জড় "গণোকোকাই" নষ্ট করে, তাই হিলিংবামে রোগ সারে, রোগ চাপা পড়ে না অল্পদিনে পুনরাক্রমন করিতে পায় না। এই কারণে অসংখ্য সুপ্রসিদ্ধ ডাক্তার হিলিংবামের পৃষ্ঠপোষক। দুই চার জনের নাম উল্লেখ করা গেল। ইহাদের সকলেরই সুখ্যাতি পত্র আমরা পাইয়াছি। আই, এম, এস,—কর্ণেল কে, পি, গুপ্ত, এম, ডি, এম, এ; এফ, আর, সি, এস. ইত্যাদি লেঃ কর্ণেল এন, পি, সিংহ, এম, আর, সি, পি, এম,আর, সি, এস এতদ্ভিন্ন অসংখ্য প্রশংসাপত্র পূর্ণ তালিকা পুস্তক পাঠাই পত্র লিখুন।

মূল্য প্রতি বড় শিশি ৩৲
" " মাঝারি শিশি ২৷৹
" " ছোট শিশি ১৸০

### স্যাণ্ডো

স্বর্ণঘটিত সালসা—স্নায়বিক দৌর্ব্বল্যের মহৌষধ। পারদ গরমী এবং যাবতীয় রক্তদুষ্টিতে অব্যর্থ।

আজকাল স্নায়বিক দৌর্ব্বল্যে অল্পবিস্তর সকলেই কষ্ট পাইতেছেন—তার উপর এখন শীত ও বসন্ত আসিতেছে, এ সময়ে আমরা সকলকেই স্যাণ্ডো সেবন করিতে বলি। পারা, গরমী প্রভৃতি রক্ত দোষও স্যাণ্ডো সেবনে নিবারিত হয়; দেহ সতেজ হয়; রক্ত বৃদ্ধি হয়, দেহে নূতন জীবন, নূতন যৌবন সঞ্চার হয়। খোস, পাঁচড়া দাদ, অর্শ, কাউর, বাত আমবাত সন্ধি কাশি সমস্তই স্যাণ্ডো সেবনে নিবারিত হয়।

স্ত্রীলোকের ঋতুর গোলযোগ, বাধক, দীর্ঘকাল ব্যাপী ঋতু,ঋতুকালীন জ্বালা ও ব্যথা সমস্ত উপসর্গে স্যাণ্ডো যাদুমন্ত্রের ন্যায় কার্য্য করে।

মূল্য প্রতিশিশি (১৬ দিনের উপযোগী) ২৲; ৩টী একত্রে ৫৷৹
ডাক মাশুলাদি স্বতন্ত্র।

**আর, লগিন এণ্ড কোং**
ম্যানুঃ—কেমিষ্টস্।
১৪৮, বহুবাজার ষ্ট্রীট কলিকাতা।
টেলিগ্রাম—"হিলিং", কলিকাতা

গুণে গন্ধে সৌরভসম্পদে
কেশরঞ্জন অদ্বিতীয়।

কে-শ-র-ঞ্জ-ন সৌন্দর্য্য বৃদ্ধি করে।
কে-শ-র-ঞ্জ-ন মুখকে সুন্দর করে।
কে-শ-র-ঞ্জ-ন চুলকে খুব কাল করে।
কে-শ-র-ঞ্জ-ন কেশ পতন বন্ধ করে।




কে-শ-র-ঞ্জ-ন চিন্তাশীলের সহায়।
কে-শ-র-ঞ্জ-ন রমণীর অতি প্রিয়।
কে-শ-র-ঞ্জ-ন শ্রেষ্ঠ প্রেমোপহার।
কে-শ-র-ঞ্জ-ন সবারই নিত্য প্রয়োজন

মূল্য প্রতি শিশি এক টাকা ডাক ব্যয় সাত আনা।

কলেরায় নিরাপদ হইতে হইলে




কর্পূরারিষ্ট ঘর কারয় রাখা উচিত।

মূল্য আট আনা মাত্র | ডাক ব্যয় স্বতন্ত্র।

**কবিরাজ নগেন্দ্রনাথ সেন এণ্ড কোং লিঃ**
আয়ুর্ব্বেদীয় ঔষধালয়।
১৮।১ ও ১৯নং লোয়ার চিৎপুর রোড কলিকাতা।
ম্যানেজিং ডিরেক্টার—কবিরাজ শ্রীশক্তিপদ সেন।

সর্ব্বেভ্যো দেবেভ্যো নমঃ

# জঙ্গিপুর সংবাদ।

২রা শ্রাবণ বুধবার ১৩৩৫ সাল।

## পাঠাগার।

—০—

আমেরিকার যুক্তরাষ্ট্রের আইওয়া বিশ্ব-বিদ্যালয়ের অর্থনীতির অধ্যাপক ডাক্তার সুধীন্দ্রনাথ বসু মহাশয় কিছুদিন হইল তাঁহার জন্মভূমি কুমিল্লাতে আসিয়াছিলেন। তিনি গত রবিবার ভারতবর্ষ ত্যাগ করিয়াছেন। শনিবার সন্ধ্যাকালে তিনি আলবার্ট হলে লাইব্রেরী সম্বন্ধে এক বক্তৃতা করেন।

তিনি বলেন "আমেরিকা যুক্তরাষ্ট্রে আঠার হাজার পাঠাগার আছে। কেবল যে বড় বড় সহরেই পাঠাগার প্রতিষ্ঠিত হইয়াছে তাহা নহে পল্লীগ্রামেও ইহার অভাব নাই। পাঠাগারের জন্য সেখানে অজস্র অর্থ ব্যয়িত হয়।

আমাদের দেশের লাইব্রেরীর ব্যবহার কেবলমাত্র অল্পসংখ্যক লোকের মধ্যে সীমাবদ্ধ। কিন্তু ইউরোপ হইতে লাইব্রেরী পরিচালন সম্বন্ধে শিক্ষালাভের জন্য বহুসংখ্যক লোককে প্রতি বৎসর আমেরিকায় পাঠাইয়া দেওয়া হয়।

সকল দেশের উপকার করিবার উদ্দেশ্যেই আমেরিকায় পাঠাগারের প্রতিষ্ঠা। সাহিত্য ইতিহাস, বিজ্ঞান ও প্রাচ্য জগতের বিস্তৃত আলোচনা ইত্যাদি সর্ব্বপ্রকারের গ্রন্থই তথায় রাখা হয়। যাঁহারা কোন গবেষণা কার্য্যে নিযুক্ত আছেন তাঁহাদের কার্য্যের সুবিধার জন্যও এই সকল পাঠাগার যথেষ্ট সাহায্য করে। তাঁহারা এককালে ২৫ খানি পুস্তক লইতে পারেন।

পাঠকেরা বইগুলির যত্ন করেন। খুব কম বইই হারাইয়া থাকে। যাহাতে জনসাধারণের মধ্যে লাইব্রেরীর ব্যবহার বেশী হয় তজ্জন্য গবর্ণমেণ্ট ও লাইব্রেরীর কর্তৃপক্ষীয়গণ বিজ্ঞাপন পুস্তিকা, ছবি প্রভৃতির সাহায্যে প্রচারকার্য্য চালাইয়া থাকেন। মুদিরা এই সকল বিজ্ঞাপন বিনামূল্যে পাইয়া থাকেন তাঁহারা বিক্রীত বস্তু এই কাগজে জড়াইয়া দেন। ইহাতে খরিদদারের দৃষ্টি সহজেই উক্ত বিজ্ঞাপনে আকৃষ্ট হয়।

প্রত্যেক পাঠাগারে শিশুবিভাগ আছে। সেখানে একজন লোক শিশুদিগকে ইতিহাস বা ইতিহাস প্রসিদ্ধ ব্যক্তি ও ঘটনা সম্বন্ধে গল্প করেন ও কৌতূহল উদ্দীপনা করিয়া এইরূপ ইতিহাস বা তদনুরূপ গ্রন্থ শিশুদিগকে দেন।

শিক্ষা বিস্তারই এখন ভারতবর্ষের সর্ব্বাপেক্ষা অধিক প্রয়োজনীয় বস্তু। সুতরাং পাঠাগারগুলি যাহাতে উক্ত প্রয়োজন সাধন করে তাহাতে সকলের চেষ্টা করা উচিত।"

আমাদের এখানে যে লাইব্রেরী আছে—এখানকার নেতৃগণ তাহার দিকে দৃষ্টিপাত করেন না। মিউনিসিপালিটির কর্তৃপক্ষীয়গণ ইহাকে সাহায্য করা তাঁহাদের কর্ত্তব্য বলিয়া মনে করেন না অথবা ইহা যে তাঁহাদের কর্ত্তব্য তাহা জানেন না। ইউরোপ আমেরিকার পাঠাগার ত দূরের কথা আমাদের এই বঙ্গ দেশেই যে লাইব্রেরী-আন্দোলন চলিতেছে তৎসম্বন্ধেও ইঁহাদের অনেকে সংবাদ রাখেন না। যাহাতে স্থানীয় পাঠাগারের উন্নতি হয় যাহাতে এই পাঠাগারের সাহায্যে যথার্থ শিক্ষা বিস্তারের সাহায্য হয় তজ্জন্য আমরা ডাঃ বাবুর বক্তৃতার প্রতি সাধারণের ও সহরের নেতৃগণের দৃষ্টি আকর্ষণ করিতেছি।

---

## চিত্তরঞ্জন স্মৃতি মন্দির।

—•—

কালীঘাটের মহাশ্মশানে—যেখানে দেশবন্ধু চিত্তরঞ্জনের জড়দেহ ভস্মীভূত হইয়াছিল, সেই পবিত্র স্থানে একটী স্মৃতিমন্দির নির্ম্মাণ করিবার কথা হইয়াছে। কলিকাতা কর্পোরেশন শ্মশানক্ষেত্রে তাঁহাদের প্রথম মেয়র চিত্তরঞ্জনের স্মৃতিমন্দির নির্ম্মাণের জন্য কেবল যে অনুমতি দান করিয়াছেন তাহা নহে, কর্পোরেশন ঐ ভূখণ্ড বিনামূল্যে দান করিয়াছেন। এখন স্বদেশবাসীকেই এই সঙ্কল্পিত মন্দির নির্ম্মাণকার্য্যে হস্তক্ষেপ করিতে হইবে। যে দেশবন্ধুর জন্য সমগ্র বঙ্গদেশ—কেবল বঙ্গদেশ কেন, সমগ্র ভারতবর্ষ গৌরবান্বিত, সেই দেশবন্ধুর স্মৃতিসৌধ নির্ম্মাণে যে বাঙ্গালী যথাসাধ্য সাহায্য করিবে, ইহা বলাই বাহুল্য। দেশবন্ধু হিন্দুর নহেন, মুসলমানের নহেন, খৃষ্টান বা বৌদ্ধের নহেন—তিনি বাঙ্গালীর—বাঙ্গালা দেশের বন্ধু। তাই আমাদের আশা আছে যে, হিন্দু-মুসলমান নির্ব্বিশেষে সকল বাঙ্গালীই তাঁহাদের চিত্তরঞ্জনের স্মৃতিমন্দির নির্ম্মাণে মুক্তহস্ত হইতে কুণ্ঠিত হইবেন না।

---

## নারী নির্য্যাতন।

—০—

বাংলার মধ্যে ময়মনসিংহ জেলায় নারী নির্য্যাতন সর্ব্বাপেক্ষা বেশী হইয়া থাকে। ইহা ময়মনসিংহ বাসীর পক্ষে গুরুতর কলঙ্কের ও লজ্জার কথা। বাংলার জেলাগুলির মধ্যে ময়মনসিংহ শিক্ষা দীক্ষায়, নানা সম্পদে এবং রাজনৈতিক প্রভৃতি সর্ব্বপ্রকার আন্দোলনে শীর্ষ স্থানীয়। ময়মনসিংহ যখন যে কাজ হাতে লইয়াছে তাহাই সে কৃতিত্বের সহিত সম্পন্ন করিয়াছে। দুঃখের বিষয় নারী রক্ষা সম্বন্ধে সে তাহার স্বভাবসিদ্ধ কর্ম্মতৎপরতা তেমন দেখাইতে পারিতেছে না। সম্প্রতি ময়মনসিংহ বিবেকানন্দ সমিতির নির্ভীক কর্ম্মীগণ কিছু কিছু কাজ করিতেছেন বটে কিন্তু তাঁদের মহৎ আদর্শে অনুপ্রাণিত হইয়া এই জেলার অন্যান্য যুবক প্রতিষ্ঠান গুলিতো উদ্বুদ্ধ হইয়া উঠিতেছেন না! আমরা এখন 'সেবক' 'ভৃত্য' 'দাস সমিতি' চাই না। ময়মনসিংহ বিবেকানন্দ সমিতির মত আদর্শ সমিতি, যে সমিতি নারীর ক্রন্দন কাণে গেলেই সমস্ত বিপদকে বরণ করে লইয়া সেই নিগৃহীতা নারীকে উদ্ধার করার জন্য ছুটিয়া যাইবে—এইরূপ সমিতি গ্রামে গ্রামে চাই।

---

## মেয়েদের ছোরা খেলা।

ফরিদপুর জেলার পাসা নামক স্থানে সম্প্রতি চারিদিন ব্যাপিয়া একটী ক্রীড়া প্রতিযোগিতা হইয়াছিল। এই প্রতিযোগিতায় ১০।১২টী মেয়ে ছোরা খেলায় কৃতিত্ব দেখাইয়া সমবেত দর্শকবৃন্দের বিস্ময় উৎপাদন করিয়াছেন।

---

## বাঙ্গালীর পদোন্নতি।

রংপুর জেলার কালেক্টর মিঃ এস, এন, গুপ্ত লণ্ডনে ভারতীয় ডেপুটী ট্রেড কমিশনারের পদে নিযুক্ত হইয়াছেন। মিঃ গুপ্ত পরলোকগত কর্ণেল কে, পি, গুপ্তের পুত্র এবং সার অতুলচন্দ্র চট্টোপাধ্যায়ের জামাতা।

---

## চাকুরীর মোহ।

প্রকাশ মেদিনীপুর জেলা বোর্ডে বর্ত্তমানে ২৫৲ টাকা বেতনে ২।৩টী কেরাণী লওয়া হইবে। এই পদের জন্য ৮৫ জন এম, এ, বি, এ, ইত্যাদি উপাধিধারী ব্যক্তি লালায়িত হইয়া দরখাস্ত করিয়াছেন। শিক্ষিত সম্প্রদায়ের মধ্যে বেকার সমস্যা কিরূপ তীব্র আকার ধারণ করিয়াছে, তাহা সহজেই বুঝিতে পারা যায়। ইহাতে বর্ত্তমান শিক্ষা-পদ্ধতির দোষ বিশেষভাবে সূচিত হইতেছে। শিক্ষিত বাঙ্গালী যুবকেরা চাকুরী প্রভৃতি কয়েকটী বাঁধা কাজ ভিন্ন স্বাবলম্বী হইয়া কোন কাজই করিতে পারিতেছেন না।

---

## কাঙ্গালী বিদায়।

স্বর্গীয় যামিনীমোহন রায় মহাশয়ের শ্রাদ্ধোপলক্ষে তাঁহার পুত্রগণ সমাগত কাঙ্গালীদিগকে ।৷০ আধসের করিয়া চাউল ও প্রত্যেক লোককে ৴০ হিসাবে ও ছেলেদের ৲০ হিসাবে দান করিয়াছেন। সহস্রাধিক কাঙ্গালী উপস্থিত হইয়াছিল।

---

## নিলামের ইস্তাহার।

চৌকী জঙ্গিপুর প্রথম মুন্সেফী আদালত।

নীলামের দিন ১৫ই আগষ্ট ১৯২৮।

২৯৪ খাং ডিঃ সাজ্জাদ আহম্মদ চৌধুরী দিং দেং সোলেমন্নেশা বিবি দিং দাবি ৭৬৷৩ পং কুম্ভরপ্রতাপ মৌজে পুড়াপাড়া ৬/৬ কাত ৯৮৷৮ আঃ ৫০৲

# জঙ্গিপুর সংবাদের

## ক্রোড় পত্র।

২রা শ্রাবণ বুধবার ১৩৩৫, ইংরাজী ১৮ই জুলাই ১৯২৮।


### ম্যাজিষ্ট্রেট হত্যার মামলা।

আসামীর ফাঁসীর হুকুম।

চট্টগ্রামের ডিষ্ট্রীক্ট ম্যাজিষ্ট্রেট এবং কালেক্টার মিঃ জি, এচ, ডবলিউ, ডেভিসকে হত্যা করার জন্য আসামী কাজী বজলল রহমনের বিচার শেষ হইল। বেলা ১টার সময় সরকারী উকিলের বক্তৃতা শেষ হইলে জুরিগণ পরামর্শ গৃহে চলিয়া যায়েন ও পরামর্শান্তে ফিরিয়া আসিয়া একবাক্যে মত প্রকাশ করেন যে, আসামী যে কি কাজ করিতেছে, ঘটনার সময়ে সে জ্ঞান তাহার বিলক্ষণ ছিল, সুতরাং সে দণ্ডবিধি ৩০২ ধারায় ( জ্ঞানকৃত নরহত্যা ) অপরাধে দোষী।

অতিরিক্ত সেসন জজ মিঃ এ, পি, পোটার জুরিগণের এই একমত গ্রহণ করিয়া আসামী বজলল রহমনকে প্রাণদণ্ডে দণ্ডিত করিয়াছেন।

---

### পত্রপ্রেরকগণের প্রতি।

১। শ্রী ১১৪নং গ্রাহক নাম স্বাক্ষর না থাকিলে সে পত্র প্রকাশিত হয় না।

২। "শ্রী—মিঠিপুর—আপনার আত্মকাহিনী সংবাদপত্রে প্রকাশ করা অরণ্যে রোদন মাত্র। ও বিয়ের ঐ মন্তর জানবেন। চিরদিনই জোগাড়ের জয়।"

---


কলিকাতার বহুদর্শী ডাক্তার ও কবিরাজগণ কর্ত্তৃক বিশেষভাবে পরীক্ষিত ও প্রশংসিত।

নূতন জ্বর চব্বিশ ঘণ্টায় আরোগ্য।

বেঙ্গল আয়ুর্ব্বেদিক ওয়ার্কস
ট্রেড মার্ক
চাঁদ মার্কা পাচন

পুরাতন জ্বর তিনদিনে আরোগ্য।

দেশী গাছগাছড়া ও ধাতুঘটিত উপকরণে প্রস্তুত বলিয়াই এদেশীয় রোগীর পক্ষে এত ফলদায়ক।

যথার্থই পাঁচন—জ্বরের ব্রহ্মাস্ত্র আবার শালসার কাজ করে।

জ্বর বন্ধের পরও কয়েক দিন সেবন করিলে জ্বরের কীটাণুগুলি একেবারে নষ্ট করিয়া ক্ষুধাবৃদ্ধি এবং শরীর সুস্থ ও সবল করে।

প্রতি শিশি ॥• আনা। ] [ প্রতি শিশি ॥• আনা।

ইহা সেবনে নূতন পুরাতন ম্যালেরিয়া, কুইনাইন আটকান, প্লীহা ও লিভারঘটিত, পালা, কম্প প্রভৃতি যে কোন প্রকারের জ্বর হউক না কেন, নির্দ্দোষভাবে আরোগ্য হয়। উপকার দেখিয়া বিস্মিত হইবেন।

চিঠি লিখিবার ঠিকানা—বসাক ফ্যাক্টরী, ৩নং ব্রজদুলাল ষ্ট্রীট, কলিকাতা।


---


রঘুনাথগঞ্জ পণ্ডিত প্রেসে শ্রীবিনয়কুমার পণ্ডিত কর্ত্তৃক মুদ্রিত ও প্রকাশিত।

MOTOR CARS



MOTOR BUS

# THE NEW FORD.

## নূতন মডেল ফোর্ড কার

এবারে আসিয়াছে।

ইহাতে স্পোক হুইল, চারি চাকায় ব্রেক ও শক্ এবজরভার এবং গিয়ারযুক্ত ইহার ডিজাইন সম্পূর্ণ নূতন। সম্মুখে পশ্চাতে বাম্পার, স্পীডো-মিটার, মাইল মিটার, আম্ মিটার, পেট্রল মিটার, ষ্টপ লাইট, ড্যাস লাইট ইত্যাদি নানারূপ নূতনতর ফিটিংস্ দ্বারা সুসজ্জিত।

এরূপ সর্ব্বসুন্দর গাড়ী এত অল্প দামে ইতিপূর্ব্বে কখনও বিক্রয় হয় নাই।

ইহা ৪০ ঘোড়ার ক্ষমতাযুক্ত, ঘণ্টায় ৬০ মাইল স্পীড্ এবং এক গ্যালন পেট্রলে ৩০ মাইল রাস্তা যাইবে।

দাম—২৪৫০৲ টাকা। কিস্তি করিয়া টাকা দিবার উত্তম ব্যবস্থাও আছে।

বিস্তারিত বিবরণের জন্য স্থানীয় এজেন্টস্‌কে পত্র লিখুন বা এখানে আসিয়া গাড়ীতে চড়িয়া স্বয়ং পরীক্ষা করিয়া দেখিতে পারেন।

Ford SALES AND SERVICE

বনয়ারীলাল মুখার্জ্জী এণ্ড সন্স।
খাগড়া পোঃ (মুর্শিদাবাদ)

## অত্যাশ্চর্য্য ব্যাপার।

সন্ন্যাসী প্রদত্ত ঔষধ।

হাঁপ, যক্ষ্মা, কাশি, অম্লপিত্ত, রক্তপিত্ত, অতিসার, অর্শ, মেহ, প্রমেহ, ধ্বজভঙ্গ, একশিরা, মূর্চ্ছা, বাধক, সুতিকা, নাসা, কুষ্ঠ, গোদ ইত্যাদি যাবতীয় রোগ ১ সপ্তাহে আরোগ্য হইবে। বেশীদিনের অসুখ হইলে ২ সপ্তাহ কাল ঔষধসেবন করিতে হইবে। ইহা ছাড়া সকল প্রকার মাদুলীও পাওয়া যাইবে। একবার পরীক্ষা করিয়া দেখুন। নিবেদন ইতি—

নিবেদক—কবিরাজ শ্রীশ্রীদামচন্দ্র কর্ম্মকার।
জঙ্গিপুর, (মুর্শিদাবাদ।

## আর কিসের ভাবনা

ডাঃ ব্যানার্জ্জির আবিষ্কৃত ঔষধ ব্যবহার করিয়া নিরাময় হউন।

**জ্বরাঙ্কুশ**—সর্ব্বপ্রকার জ্বরের অমোঘ অব্যর্থ মহৌষধ। শত শত রোগী আরোগ্য লাভ করিয়া ইহার গুণকীর্ত্তন করিতেছে, খাইতে খারাপ নহে। মূল্য ৷৵৹

**নিমোলীন**—পাচড়া, খোস, চুলকনা, সর্ব্বপ্রকার ক্ষত ঘা, উপদংশ ঘা প্রভৃতির মহৌষধ। তিন দিন ব্যবহার করিলে নিশ্চয়ই আরোগ্য হইবে। ব্যবহারে জ্বালা যন্ত্রণা নাই। মূল্য মাত্র ।৵৹

**সর্ব্বদদ্রুনাশন**—বাজারের দাদের মলম হইতে ভাল কিনা পরীক্ষা করিলেই বুঝিতে পারিবেন। কাপড়ে দাগ লাগিবে না। ব্যবহারে জ্বালা যন্ত্রণা নাই। মূল্য ।৹

পাইকারী ডজন দর স্বতন্ত্র। মাশুল পৃথক লাগিবে। এজেণ্টগণের সহিত বিশেষ ব্যবস্থা করা যায়।

সোল এজেণ্ট :—ব্যানার্জ্জি কোং।
রঘুনাথগঞ্জ, মুর্শিদাবাদ।

ডাঃ এন, এল, পালের

## সুদর্শন সার।

—•—

( সর্ব্ববিধ জ্বরের অমোঘ ব্রহ্মাস্ত্র। )

দুই দিন সেবন করিলেই ফল বুঝিতে পারিবেন। বিশেষতঃ ম্যালেরিয়া জ্বরের হাত হইতে নিষ্কৃতি পাইতে হইলে সুদর্শন সার ব্যবহার করুন। প্লীহা ও যকৃত সংযুক্ত জ্বরে ইহা মন্ত্র শক্তির ন্যায় কার্য্য করে। মূল্য প্রতি শিশি ৸৹ বার আনা। পাইকারী দর স্বতন্ত্র।

ডাক্তার নন্দলাল পাল এণ্ড সন্স।
রঘুনাথগঞ্জ, মুর্শিদাবাদ।

২৯৫ থাং ডিঃ ঐ দেং শরদিন্দু ঘোষাল দিং দাবি ৪৮৮৬ পরগনাদি ঐ ৬/৪৲১০ কাত ৫।/০ আঃ ৪০৲

২৯৬ থাং ডিঃ ঐ দেং উমেশচন্দ্র চৌধুরী দিং দাবি ১৩৮।/ পরগনাদি ঐ ৮২॥৩৲১৫ কাত ১০৫।৵/১১ আঃ ১০০৲

৩০৩ থাং ডিঃ ঐ দেং মিঞাজুদ্দিন বিশ্বাস দিং দাবি ৩৯৮/৩ পরগনাদি ঐ ৭৮০৲১০ কাত ৬।৵/৯ আঃ ৪০৲

৩৭০(এ) থাং ডিঃ সেবাইত নিত্যকালী দাসী দেং চণ্ডিচরণ রায় দিং দাবি ১০৫৲ পং গনকর মৌজে রামদেবপুর ২০/২।০ মধ্যে ১০/১৵ কাত ৭৶/৮ আঃ ৫০৲

৪৬ মনি ডিঃ বহুবল্লভ দাঁ দিং দেং জ্যোতির্ম্ময় খাঁ দিং দাবি ৩৬৫৵/৯ পং সুলতানউজিয়াল মৌজে ডাহিনা ১২।০॥৵ কাত ১৫৮৶/১৫ আঃ ৭০০৲ ২নং লাট মৌজে ডাহিনা মধ্যে ১৮।০৮০ কাত ১৮।৶/৯ আঃ ১৫০৲ ৩নং লাট মৌজে ডাহিনা মধ্যে ।১ কাত ১॥০ বসত বাটী মায় চৌকাঠ কপাট তলস্থ জমি আঃ ১০৲ দেন্দারের প্রদত্ত মূল্য ৩০০৲

৩৭৭ মনি ডিঃ আশুতোষ সিংহ দেং মোনাব মোমিন দাবি ১৬২৮৶/৩ পং মঙ্গলপুর মৌজে ইচলিপাড়া মহীন্দ্রপুর ৮৩॥০ কাত ৪॥৶/১৯ দেন্দারের ।১৩.— আনা রকম অংশ আঃ ১৫৲ উক্ত জমির উপরিস্থিত খেড়ী ঘর মায় নওয়াজিমা। ২নং লাট ৩।০।০ কাত ৪।/১১ দেন্দারের ।৶০ আনা রকম অংশ আঃ ৫০৲ উক্ত জমির উপরিস্থিত আম্র বাগান।

২১২ অন্য ডিঃ রজনীকান্ত সেন দেং সুধাংশুবালা ঘোষ দিং দাবি ৫০৭৲ পং রুকুনপুর মৌজে শ্রীকান্তবাটী ২।০ কাত ৪।০ আঃ ১৫৲

৩৮৩ রেহান ডিঃ ছোকমল সেরাওগী দেং জাফর মুন্সী দিং দাবি ৪৪৫॥৵০ মৌজে চাচণ্ড ৬/ কাত ২৲ আঃ ১৫০৲ উক্ত সম্পত্তি মূল দলিলের কিস্তির পাওনার জন্য রেহাণ দায়সংযোগে নীলাম হইবে।

---

## চৌকি জঙ্গিপুর দ্বিতীয় মুন্সেফী আদালত।

## নিলামের দিন ১৮ই আগষ্ট ১৯২৮।

৪৭৩ থাং ডিঃ শ্রীশ্রী৺লক্ষ্মীজনার্দ্দন দেব ঠাকুরের সেবাইত পশুপতি চক্রবর্ত্তী দিং দেং তরঙ্গতারিণী রায় চৌধুরাণী দাবি ১৪৬৮/৬ জেলা মুর্শিদাবাদ কালেক্টরীর ২১৭নং তৌজির মহাল পং নওয়ানগর মৌজে নাইত বৈদড়া ১৩/ কাত ২৭৮৮ আঃ ২০০৲

৪৭৭ থাং ডিঃ উমেশচন্দ্র চক্রবর্ত্তী দিং দেং শশাঙ্কশেখর রায় দিং দাবি ২২/৩ পং কুণ্ডরপ্রতাপ মৌজে জামুয়ার ১০/ কাত ৪।০ আঃ ২০৲

৫০২ থাং ডিঃ সাজ্জাদ আহম্মদ চৌধুরী দিং দেং পরাণি মণ্ডলানী দিং দাবি ৭৯৮/৯ পং কুণ্ডরপ্রতাপ মৌজে পুড়াপাড়া ৭৮৪৲১৩ কাত ৯৮/৯ আঃ ৭০৲

২০৫ মনি ডিঃ জানকীসুন্দরী গুহ দেং মণীন্দ্রনাথ রায় দাবি ২৫৬৵০ পং রুকুনপুর মহাল ডোমাপাড়া মায় মুদাকৎ ও মৌজাহার অর্থাৎ তরফ ও মৌজা ডোমাপাড়া নিজ মৌজা চাঁদড়, মৌজা জোত সুন্দর ওরফে নগরী মৌজে কলহডাঙ্গা মৌজে চক উমরপুর ও চক অমরপুর ষোল আনা রকমে কালেক্টরীর ২৭১৲৫ টাকা বার্ষিক জমা যাহা মুর্শিদাবাদ কালেক্টরীতে জ্ঞানেন্দ্রনাথ রায় দিং নামে দাখিল হয়। ঐ মহালের ষোল আনা মধ্যে ভূপেন্দ্রনাথ রায় ও মণীন্দ্রনাথ রায়ের ৵১৭॥ আনা রকম অংশ মধ্যে দেন্দারের অর্দ্ধাংশ হইতে ৲১০ পয়সা রকম জমিদারী স্বত্ব আঃ ১৫০৲

১৭৪ মর্গেজ ডিঃ মুনকির মোল্যা দিং দেং শুমির সেখ দিং দাবি ৩৫৬৮৶/৬ পং সাহাবাজপুর মৌজে আথুয়া /৩ কাত ১।৮ আঃ ৫০৲

১৭৫ মর্গেজ ডিঃ সেখ এলাহীবক্স মোল্যা দেং অহেজান সেখ দাবি ৫৩৬॥৯ পং সাহাবাজপুর মৌজে নরসিংহপুর ।১।০ কাত ১৮০ তন্মধ্যে /৩৲২॥ কাঠা আঃ ৫০৲

২৪৭ মর্গেজ ডিঃ ফণিভূষণ দাস দিং দেং ফজল হোসেন সেখ দাবি ৭৬৭৲৯ পং রুকুনপুর মৌজে বেওয়া ১১৮৪ কাত ৮৵১০ তদন্তর্গত ৩॥৪ আঃ ১৫০৲ ২নং লাট ঐ মধ্যে ১।০ কাত ৮৫ আঃ ৫০৲ ৩নং লাট পং ঐ মৌজে পিতাম্বরপুর বেওয়া ২/ কাত ১।/০ আঃ ৮০৲

---




## শুভ বিবাহ উপযোগী জামা ও কাপড়।

সকল শ্রেণীর সকল লোকের উপযুক্ত সকল রকম ফুলের নূতন নূতন ডিজাইন এর বেনারসী সাড়ী, পার্শী, বোম্বাই ও মাদ্রাজী সাড়ী, চেলি, তসর, গরদ, মটকা। সকল রকম দেশী তাঁতের কাপড়। জ্যাকেট, সেমিজ, মোজা, গেঞ্জী, রুমাল, তোয়ালে ইত্যাদি। যাঁহার যাহা আবশ্যক সমস্ত দ্রব্য একস্থানে বসিয়া একদরে পাইবেন। মূল্য বেশী কিম্বা অপছন্দ হইলে টাকা ফেরত দিয়া থাকি। মফঃস্বল অর্ডার যত্নের সহিত ভিঃ পিতে পাঠান হয়। পরীক্ষা প্রার্থনীয়।

# কৃষ্ণলাল এণ্ড কোং মনিলাল

## ২০৭-৩ হ্যারিসন রোড (বড়বাজার) কলিকাতা।

## সুস্থ শরীরে প্রহরী ও ভগ্ন স্বাস্থ্যের পক্ষে অমৃত সঞ্জীবনী কে?

## আতঙ্ক নিগ্রহ বটীকা।

এই বটীকা সুস্থ শরীরে সেবন করিলে যেমন শরীরকে অসুস্থ হইতে দেয় না, তেমনই অসুস্থ শরীরে সেবন করিলেও ব্যাধি হইতে সত্বরই নিরাময় হওয়া যায়। এই বটীকা যদি শুক্র-তারল্যে, স্বপ্নদোষে, অকালিক ক্ষয়ে, প্রমেহে, কোষ্ঠ কাঠিন্যে, অজীর্ণে, প্রস্রাব সম্বন্ধীয় পুরুষের রোগে সেবন করা যায়, তবে অব্যর্থ ফল প্রদান করে। ইহা স্ত্রীলোকের ব্যাধিতেও অসীম ফলদায়ক। ইহা সকল ঋতুতেই সেবন করা যায়। এই বটীকা শুদ্ধ গাছ গাছড়া দ্বারা প্রস্তুত। প্রতি কৌটার মূল্য ১৲ এক টাকা।

প্রাপ্তিস্থান ঃ—

**বৈদ্য শাস্ত্রী।**

২১৪নং বহুবাজার ষ্ট্রীট, কলিকাতা।

নিম্নঠিকানায়ও এই ঔষধ বিক্রয় হয়।

**জঙ্গিপুর সংবাদ আফিস।**

রঘুনাথগঞ্জ, মুর্শিদাবাদ।

## সুরমা

### ফুলশয্যায় সুরমা।

আবার বিবাহের সময় আসিতেছে আবার বিধাতার বিধানে অনেক নরনারীর ভাগ্যলিপি সমসূত্রে আবদ্ধ হইবার মাহেন্দ্রক্ষণ আসিতেছে। মনে রাখিবেন বিবাহের তত্ত্বে, বর-ক'নের ব্যবহারের জন্য, ফুলশয্যার দিনে সুরমার বড়ই প্রয়োজন। ফুলশয্যার রাত্রে কোন বাড়ীর মহিলারা সুরমা ব্যবহার করিলে, ফুলের খরচ অনেক কম হইবে। "সুরমার" সুগন্ধে শত বেলা, সহস্র মালতীর সৌরভ গৃহ-কক্ষে ফুটিয়া উঠিবে। সমস্ত মঙ্গলকার্য্যেই "সুরমার" প্রচলন। বড় এক শিশি সুরমায় অর্থাৎ সামান্ত ৸৹ বার আনা ব্যয়ে অনেক কুলমহিলার অঙ্গরাগ হইতে পারে।

বড় এক শিশির মূল্য ৸৹ বার আনা; ডাকমাশুল ও প্যাকিং ৷৶৹ এগার আনা। তিন শিশির মূল্য ২৲ দুই টাকা মাত্র; মাশুলাদি ১৷৹ এক টাকা পাঁচ আনা।

### সোমবল্লী-কষায়।

আমাদিগের এই সালসা ব্যবহারে সকলপ্রকার বাত, উপদংশ, সর্ব্বপ্রকার চর্ম্মরোগ, পারা-বিকৃতি ও যাবতীয় দুষ্টক্ষত নিশ্চয়ই আরোগ্য হয়। অধিকন্তু ইহা সেবন করিলে, শারীরিক দৌর্ব্বল্য ও কৃশতা প্রভৃতি দূরীভূত হইয়া শরীর হৃষ্ট-পুষ্ট এবং প্রফুল্ল হয়। ইহার ন্যায় পারাদোষনাশক ও রক্তপরিষ্কারক সালসা আর দৃষ্ট হয় না। বিদেশীয়দিগের বিলাতী সালসা অপেক্ষা ইহা অধিক উপকারক। ইহা সকল ঋতুতেই বালক-বৃদ্ধ-বনিতাগণ নির্ব্বিঘ্নে সেবন করিতে পারেন। সেবনের কোনরূপ বাঁধাবাঁধি নিয়ম নাই। এক শিশির মূল্য ১৷৹ টাকা; ডাঃ মাঃ ও প্যাকিং ১৶৹ এক টাকা তিন আনা।

### জ্বরাশনি।

জ্বরাশনি—ম্যালেরিয়ার ব্রহ্মাস্ত্র। জ্বরাশনি—যাবতীয় জ্বরেই মন্ত্রশক্তির ন্যায় উপকার করে। একজ্বর, পালাজ্বর, কম্পজ্বর, প্লীহা ও যকৃৎঘটিত জ্বর, দ্বৌকালীন জ্বর, মজ্জাগত ও মেহঘটিত জ্বর, ধাতুস্থ বিষমজ্বর, এবং মুখনেত্রাদির পাণ্ডুবর্ণতা, ক্ষুধামান্দ্য, কোষ্ঠবদ্ধতা, আহারে অরুচি, শারীরিক দৌর্ব্বল্য, বিশেষতঃ কুইনাইন সেবনে যে সকল জ্বর আরোগ্য না হয়, সে সমস্তই এই ঔষধ সেবনে নিঃসন্দেহরূপে নিবারিত হয়। ইহার সহায়তায় যে কত নিরাশ রোগী নবজীবন লাভ করিয়াছেন, তাহার ইয়ত্তা নাই। এক শিশির মূল্য ১৲ এক টাকা, মাশুলাদি ১৶৹ এক টাকা তিন আনা।

### মিল্‌ক অব্‌ রোজ

ইহার মনোরম গন্ধ জগতে অতুলনীয়। ব্যবহারে ত্বকের কোমলতা ও মুখের লাবণ্য বৃদ্ধি পায় ব্রণ, মেচেতা, ছুলি, ঘামাচি প্রভৃতি চর্ম্মরোগ সকলও ইহাদ্বারা অচিরে দূরীভূত হয় মূল্য বড় শিশি ৷৹ আট আনা, মাশুলাদি ।৶৹ সাত আনা।

যাবতীয় কবিরাজি ঔষধ, তৈল, ঘৃত, মোদক, অবলেহ, আসব, অরিষ্ট, মকরধ্বজ, মৃগনাভি এবং সকলপ্রকার জারিত ধাতুদ্রব্য আমরা অতি বিশুদ্ধরূপে প্রস্তুত করিয়া, যথেষ্ট সুলভদরে বিক্রয় করিতেছি। এরূপ খাঁটি ঔষধ অন্যত্র দুর্লভ।


রোগিগণ স্ব স্ব রোগবিবরণ লিখিয়া পাঠাইলে, আমরা অতি যত্নসহকারে উপযুক্ত ব্যবস্থা পাঠাইয়া থাকি। ব্যবস্থা ও উত্তরের জন্য অর্দ্ধ আনার ডাক-টিকিট পাঠাইবেন

**কবিরাজ—শ্রীশক্তিপদ সেন।**

আয়ুর্ব্বেদীয় ঔষধালয়।

১৯১২ নং লোয়ার চিৎপুর রোড, টেটিবাজার, কলিকাতা।

## ইলেক্ট্রিক সল্যুসন




মনুষ্যের জীবনধারণের প্রধান উপাদান বৈদ্যুতিক শক্তি বা তাড়িৎ। মানব দেহে বৈদ্যুতিক শক্তি সমভাবে থাকিলে মনুষ্য নীরোগ ও দীর্ঘায়ু হয়, বৈদ্যুতিক শক্তির হ্রাস হইলেই মনুষ্যের মৃত্যু ঘটিয়া থাকে। যাহাতে মানবদেহের বৈদ্যুতিক শক্তি সমভাবে থাকিয়া মনুষ্যকে নীরোগ ও দীর্ঘায়ু করে, তজ্জন্য আমেরিকার সুপ্রসিদ্ধ ডাক্তার পেটাল সাহেব এই ঔষধ আবিষ্কার করিয়াছেন। ইহা বৈদ্যুতিক ও রাসায়নিক বলে প্রস্তুত। ইহাতে প্রায় সমুদয় রোগই বৈদ্যুতিক বলে অতি অল্পক্ষণ মধ্যে আরোগ্য হইয়া থাকে। ধাতু দৌর্ব্বল্য, শুক্রের অল্পতা, পুরুষত্ব হানি, অগ্নিমান্দ্য, অজীর্ণ, অর্শ, উদরাময়, কোষ্ঠবদ্ধতা, অম্লশূল, শিরঃপীড়া, সর্ব্বপ্রকার প্রমেহ, বহুমূত্র, দুঃস্বপ্ন, বাত, পক্ষাঘাত, পারদ সংক্রান্ত পীড়া, স্ত্রীলোকদিগের বাধক, বন্ধ্যা, মৃতবৎসা, সূতিকা, শ্বেত-রক্ত প্রদর, মূর্চ্ছা, হিষ্টিরিয়া, বালক-দিগের ঘুংড়ি, বালসা, সর্দ্দি, কাশি, প্রভৃতির পক্ষে ইহা মন্ত্রঃপূত মহৌষধ। ডাক্তারি কবিরাজী ও হাকিমী চিকিৎসায় যাঁহারা রাশি রাশি অর্থব্যয় করিয়াও সফলমনোরথ হন নাই, এই ঔষধে তাঁহারা নিশ্চয় সুফল প্রাপ্ত হইবেন। ইহার একমাত্রা সেবনে মস্তিষ্ক স্নিগ্ধ, মনে আনন্দ ও স্ফূর্ত্তির সঞ্চার হয় এবং শরীর নববলে বলীয়ান হইয়া উঠে। একমাস ব্যবহারের উপযোগী প্রতি শিশি মায় মাশুল সমেত ১৷৹ দেড় টাকা।

অনুগ্রহ করিয়া নাম ও ঠিকানা স্পষ্ট করিয়া লিখিবেন।


**সোল এজেন্ট—ডিঃ ডিঃ হাজরা।**

ফতেপুর, গার্ডেনরিচ পোঃ। কলিকাতা।

## বেঙ্গল হোমিও কেমিকেল ওয়ার্কস

আনন্দ ঔষধে সারে
আমলু পিত্তরোগে।
পেপ—অজীর্ণ ও অম্ল।
বিল—হিষ্টিরিয়ায়।
লুং—হাঁপানী।
হর—চুলকানি।
আরও অনেক ঔষধ আছে

ফোড়া, বাগী, কাকবিড়ালা, ঠুন্‌কা, উরুস্তম্ভ, শীতলী, ভগন্দর, ব্রণ, পৃষ্ঠব্রণ,




কর্ণমূল প্রভৃতি বিনা অস্ত্রে আরোগ্য হয়। মূল্য ১৲




বঙ্গদেশে আবিষ্কার আমেরিকায় নয়।
এ দেশের রোগীর পক্ষে অব্যর্থ নিশ্চয়।

"দামোদর সুধা" ম্যালেরিয়া জ্বরে। "রত্নাকর সালসা" রক্ত পরিষ্কারে।
দুর্ব্বলের বল বাড়ে "ভাইট্যালিন" সেবনে। কলেরাতে "স্পিরিট ক্যাম্ফর" রাখুন যতনে।
"সুশীতল তৈল" মস্তিষ্ক শীতলে। নষ্ট হয় চর্ম্মরোগ "একজিন" মাখিলে।

**ডাক্তার—বি, রায় এণ্ড কোং কেমিষ্টস।**

ফতেপুর, পোষ্ট গার্ডেন রীচ. কলিকাতা

পত্র লিখিলে বিনামূল্যে ১টী দিন পঞ্জিকা পাইবেন


রঘুনাথগঞ্জ পণ্ডিত প্রেসে—শ্রীবিনয় কুমার পণ্ডিত কর্ত্তৃক সম্পাদিত, মুদ্রিত ও প্রকাশিত